



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩- ৯৬

তারিখঃ ০৯ জুন ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

করোনা সনাক্তকরণ পরীক্ষা কেন্দ্রসমূহে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য পৃথক লাইনের ব্যবস্থা গ্রহণের আহবান

আজ সকাল ১১.৩০ টায় অনলাইনে জাতীয় মানবাধিকার কমিশনের প্রতিবন্ধী ব্যক্তি এবং অটিজম বিষয়ক থিমেরিক কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম, এনডিসি। সভায় অংশগ্রহণ করেন কমিশনের সদস্য মিজানুর রহমান খান, ড. মোঃ আনোয়ার উল্লাহ, ব্যবস্থাপনা পরিচালক, নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, বাংলাদেশ, মনসুর আহমেদ চৌধুরী, সদস্য, ডিসএবিএলিটি কাউন্সিল ইন্টারন্যাশনাল, এ এইচ এম নোমান খান, নির্বাহী পরিচালক, সেন্টার ফর ডিসএবিএলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি), খন্দকার জহুরুল আলম, নির্বাহী পরিচালক, সেন্টার ফর সার্ভিসেস এন্ড ইনফরমেশন অন ডিসএবিএলিটি (সিএসআইডি), আশরাফুন্নাহার মিষ্টি, নির্বাহী পরিচালক, উইম্যান উইথ ডিসএবিএলিটিস এন্ড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, ফরিদা ইয়াসমিন, নির্বাহী পরিচালক, ডিসএবিএলিটি রিসার্চ এন্ড রিহ্যাবিলিটেশন এসোসিয়েশন (ডিআরআরএ)। আলোচনার উল্লেখযোগ্য সিদ্ধান্ত সমূহ ছিল-

১. করোনা সনাক্তকরণ পরীক্ষা কেন্দ্রসমূহে পরীক্ষার জন্য নমুনা দিতে গিয়ে দীর্ঘ সময় লাইনে অপেক্ষা করা প্রতিবন্ধী ব্যক্তিদের পক্ষে সম্ভব নয় বলে কমিটি মনে করে। এমন বাস্তবতায় তাদের জন্য প্রতিটি কেন্দ্রে পৃথক স্থান বা লাইন রাখা এবং উক্ত লাইনে একজন প্রতিবন্ধী ব্যক্তিও যদি উপস্থিত হন সেক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে তার নমুনা সংগ্রহ করার সুপারিশ করা হয়।

২. কভিড-১৯ আক্রান্ত প্রতিবন্ধী ব্যক্তিদের মধ্যে যাদের অন্য কারো সহযোগিতা একান্ত প্রয়োজন, সেক্ষেত্রে হাসপাতালে অন্তত ১ জন সহযোগীকে (attendant) –প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রীর ব্যবস্থা রাখাসহ হাসপাতালে অবস্থানের অনুমতি প্রদানের ব্যাপারে কমিটি সুপারিশ করে।

৩. সভায় সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় প্রদত্ত অস্থল প্রতিবন্ধী ভাতা ডিসেম্বর, ২০১৯ তারিখ পর্যন্ত পরিশোধ করা হয়েছে মর্মে কমিটিকে অবহিত করা হলে জানুয়ারি, ২০২০ থেকে জুন, ২০২০ পর্যন্ত ভাতার টাকা উপকারভোগীদের নিকট যথাশীঘ্র পৌঁছানোর ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।

উল্লিখিত বিষয়ে জাতীয় মানবাধিকার কমিশন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে পত্র/ সুপারিশ প্রেরণ করবে।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ